

১০/০৬/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

উপজেলা - চৌগাছা

জেলা - যশোর।

সভাপতিঃ জনাব দেবশীষ মিশ্র জয়

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, চৌগাছা, যশোর।

তারিখ ও সময়ঃ ১০/০৬/২০২২ খ্রিঃ, বিকাল - ০৩.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যুব গোষ্ঠি দেশের মূল্যবান সম্পদ। দেশের জনগোষ্ঠির সবচেয়ে কর্মঠ, উৎপাদনশীল অংশই হলো যুব সমাজ। জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে বাড়ছে বেকারত্ব, সে অনুপাতে বাড়ছে না কর্মসংস্থান। বেকারত্ব হতাশ, অলস মস্তিষ্ক, অভাবের তাড়না ও সঠিক পথের দিক নির্দেশনার অভাবেও অনেক যুবক/যুব মহিলা জড়িত হয়ে পড়ছে বিভিন্ন সন্ত্রাসী ও সমাজ বিরোধী কর্মকাণ্ডে। ফলে সমাজে বাড়ছে অপরাধ তৎপরতা। এ সমস্যা সমাধানে বেকার যুবক/যুব মহিলাদের আয়বর্ধক কর্মকাণ্ডে সম্পৃক্ত করে তাদেরকে আত্মনির্ভরশীল করে গড়ে তোলা বিশেষ প্রয়োজন।

সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন অনেক বেকার যুবক কর্মসংস্থানের অভাবে বিপথে পা বাড়ানোর ফলে সামাজিক বিশৃঙ্খলা দেখা দেয়। বেকার যুবক/যুব মহিলাদের দক্ষতা বৃদ্ধির জন্য পেশাভিত্তিক প্রশিক্ষণের পাশাপাশি যুবদেরকে খেলাধুলা, বাল্য বিবাহ, যৌতুক, এবং মাদক এর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার জন্য যুবদেরকে সচেতন করা প্রয়োজন রয়েছে। উপস্থাপিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে সকল সদস্যদের সন্মতিতে বেকার যুবক/যুব মহিলাদের দক্ষতা বৃদ্ধির জন্য আয়বর্ধক মূলক পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদানের জর্য নিম্নরূপ প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

প্রকল্প নং-০১

প্রকল্পের নামঃ বেকার যুবক/যুব মহিলাদের আয়বর্ধকসংস্থানের জন্য ফ্রি-ল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান প্রকল্প-২০২২।

প্রকল্পের উদ্দেশ্যঃ বেকার যুব ও যুব মহিলাদের আয়বর্ধক মূলক দক্ষতা বৃদ্ধি।

প্রকল্পের আকারঃ ১১টি ইউনিয়ন ও ১টি পৌরসভার বেকার যুব ও যুব মহিলা।

প্রকল্পের ব্যয়ঃ ১,৪০,০০০/=(একলক্ষ চল্লিশ হাজার)টাকা।

ক্রঃ নং	কাজের বিবরণ	টাকার পরিমাণ
১	ফ্রি-ল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ	১,৪০,০০০/=(একলক্ষ চল্লিশ হাজার)টাকা।
	মোট	১,৪০,০০০/=(একলক্ষ চল্লিশ হাজার)টাকা।

অর্থ প্রাপ্তির উৎসঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচী

সম্ভাব্য বাস্তবায়ন কালঃ অর্থ বছর ২০২১ - ২০২২

উপস্থাপিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে সকল সদস্যদের সন্মতিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	প্রশিক্ষিত যুবক/যুব মহিলা সংশ্লিষ্ট ট্রেডে প্রকল্প গ্রহণ করে আত্মকর্মে নিয়োজিত হয় সে বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা চৌগাছা, যশোর।
২	প্রশিক্ষণের পাশাপাশি যুবদেরকে খেলাধুলার মাধ্যমে সমাজের মাদক, সন্ত্রাস, বাল্য বিবাহ, যৌতুকের প্রতি দায়বদ্ধতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা চৌগাছা, যশোর।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৬/২২
(দেবশীষ মিশ্র জয়)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি
চৌগাছা, যশোর।

স্মারক নং ৩৪.০১.৪১১১.০০০.০৬.০০৪.১৩- ৯৩ (৬)

তারিখঃ ১০/০৬/২০২২ খ্রিঃ।

সদয় অবগতি /অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর।
- ৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর।
- ৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।
- ৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।
- ৬। মেয়র, চৌগাছা পৌরসভা, চৌগাছা, যশোর।
- ৭। -----সদস্য (সকল), যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি, চৌগাছা, যশোর।
- ৮। চেয়ারম্যান, ----- ইউ.পি (সকল), চৌগাছা, যশোর।
- ৯। সভাপতি /সম্পাদক, -----, চৌগাছা, যশোর।
- ১০। অফিস কপি/গার্ড নথি।

(সুভাষ চন্দ্র চক্রবর্তী)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(চঃদাঃ)

ও

সদস্য- সচিব

যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি
চৌগাছা, যশোর।

উপস্থিত সদস্যদের তালিকা "ক"

ক্রঃ নং	নাম	পদবী	ঠিকানা	স্বাক্ষর
১	জনাব মাসুদুল হাসান	চেয়ারম্যান, হাকিমপুর ইউ,পি	চৌগাছা, যশোর	অস্পষ্ট
২	মোঃ রোকনুজ্জামান খান	ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার	চৌগাছা, যশোর	অস্পষ্ট
৩	জনাব মোঃ সিরাজুল ইসলাম	চেয়ারম্যান, জগদীশপুর ইউ,পি	চৌগাছা, যশোর	অস্পষ্ট
৪	জনাব আব্দুল হামিদ মল্লিক	চেয়ারম্যান, সিংহবুলী ইউ,পি	চৌগাছা, যশোর	অস্পষ্ট
৫	জনাব সুভাষ চন্দ্র চক্রবর্তী	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	চৌগাছা, যশোর	অস্পষ্ট